



سفارة جمهورية بنغلاديش الشعبية، الرياض  
Embassy of the People's Republic of Bangladesh, Riyadh

নং-বিইআর (কনস)/ঢ়্বর-০১/২০১৩

তারিখঃ ০৪ এপ্রিল ২০১৭

**বিজ্ঞপ্তি**

দাম্মাম ও তার পার্শ্ববর্তী এলাকাসমূহে বসবাসরত সকল বাংলাদেশীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ হতে একটি কনস্যুলার টীম নিম্নবর্ণিত স্থান ও তারিখে অবস্থান করে কনস্যুলার সংক্রান্ত সেবা এবং সাধারণ ক্ষমা-২০১৭ এর আওতায় [আউট-পাস (সাময়িক ভ্রমণ/ট্রাভেল পারমিট) সংক্রান্ত সার্ভিস প্রদান করবে :

- স্থান : আল দিমাহ অকেশন, দাম্মাম (ইস্তেরাহা ইয়ামামার পার্শ্ববর্তী)  
মোবাইল: ০৫০৭২৬০৮০২
- তারিখ : আগামী ২৮-২৯ এপ্রিল ২০১৭ (শুক্রবার ও শনিবার)।
- সময় : সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত।

**০২. কনস্যুলার সার্ভিসসমূহ নিম্নরূপ:**

- ক) ডিজিটাল (MRP) পাসপোর্টের নতুন এবং রিইস্যু (নবায়ন) এর আবেদনপত্র গ্রহণ  
খ) পূর্বে গ্রহনকৃত ডিজিটাল (MRP) পাসপোর্ট বিতরণ  
গ) আউট-পাস (সাময়িক ভ্রমণ/ট্রাভেল পারমিট) ইস্যুকরণ  
ঘ) বিশেষ প্রয়োজনে যাচাই স্বাপেক্ষে হাতে লেখা পাসপোর্ট নবায়ন, সংশোধন ও সংযোজন  
ঙ) অন্যান্য কনস্যুলার সেবা প্রদান

ডিজিটাল পাসপোর্ট (MRP) এবং উহার রিইস্যু (নবায়ন) এর জন্য পূরণকৃত ডিজিটাল পাসপোর্ট ফরম, পুরনো পাসপোর্ট ও ইকামার ফটোকপি, সাম্প্রতিক তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে) আবেদন পত্রের সাথে সন্নিবেশিত করতে হবে। আবেদনকারীকে অবশ্যই স্ব-শরীরে উপস্থিত হয়ে সেবা গ্রহণ করতে হবে।

০৩. ডিজিটাল (MRP) পাসপোর্টের ফি : সাধারণ কর্মীদের ক্ষেত্রে- ১২৫ সৌদি রিয়াল এবং পেশাজীবীদের ক্ষেত্রে- ৪১৫ সৌদি রিয়াল (জন্ম নিবন্ধন না থাকলে ২০ সৌদি রিয়াল বেশী)।

০৪. হাতেলেখা পাসপোর্ট নবায়নের ফি : সাধারণ কর্মীদের ক্ষেত্রে প্রতি বছরের জন্য ফি-৫০ সৌদি রিয়াল এবং পেশাজীবীদের জন্য ১২৫ সৌদি রিয়াল (কোন ফরম ও ছবির প্রয়োজন নেই)।

০৫. ব্যাংকিং সার্ভিস সমূহ : কনস্যুলার টীমের সাথে সোনালী ব্যাংক প্রতিনিধি অন্তর্ভুক্ত থেকে ব্যাংক একাউন্ট খোলা, সর্বোচ্চ মুনাফাবাহী ০৫ বছর মেয়াদী ওয়েজ আর্গার্স ডেভেলপমেন্ট বন্ড একাউন্ট খোলা, ০৩ বছর মেয়াদী ইউ.এস.ডলার বন্ড একাউন্ট খোলা, বিভিন্ন মেয়াদী MES, FDR, SDS, SMBSS, MSS খোলা এবং DBS হিসাব (৬ বছরে আসল টাকা সহ দুই গুণ হয়) খোলার কাজ করবে।

০৬। উপরোক্ত বিষয়ে দাম্মাম ও তার পার্শ্ববর্তী এলাকাসমূহে বসবাসরত সকল বাংলাদেশীদের প্রয়োজনীয় সেবা গ্রহণের লক্ষ্যে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংবাদটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা যাচ্ছে।

(মোঃ মনিরুল ইসলাম)

কাউন্সেলর ও কার্যালয় প্রধান

ফোন-০১১/৪১৯৫৩০০(এক্স-১০৭)